সমকাল

তারিখ 22 JUN 2017
পৃষ্ঠা ২ কলাম ১

# একাদশ শ্রেণিতে ভর্তির সময় বাড়ল

■ সমকাল প্রতিবেদক

একাদশ শ্রেণিতে ভর্তির সময়সীমা বেড়েছে। ঈদের ছুটির কারণেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির আহ্বায়ক ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. মাহবুবুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে গতকাল বুধবার এ তথ্য জানানো হয়।

নতুন সিদ্ধান্ত অনুসারে, শিক্ষা বোর্ড নির্ধারিত দুই দফায় কলেজগুলোতে ভর্তির সময় বেঁধে দেওয়া হলেও ঈদের ছুটির কারণে ২ থেকে ৪ জুলাই পর্যন্ত তৃতীয় ধাপে ভর্তির সময় বাড়ায় কর্তৃপক্ষ। এ ব্যাপারে অধ্যাপক মো. মাহবুবুর রহমান সমকালকে জানান, এর আগে দুই দফায় কলেজে ভর্তির নির্দেশনা ছিল। প্রথম দফায় আজ ২২ জুন শেষ হবে এই কার্যক্রম। দ্বিতীয় দফায় আগামী ২৮ ও ২৯ জুন কলেজে ভর্তি হওয়া যাবে। তবে ঈদের কারণে তিন দিন সময় বাড়ানো হয়েছে। আগামী ২ থেকে ৪ জুলাই তৃতীয় দফায় কলেজে টাকা জমা দিয়ে ভর্তি হওয়া যাবে। মনোনীতদের তালিকা সরকারি ওয়েবসাইটে (http://www.xiclassadmission.gov.bd) পাওয়া যাবে। গত কয়েক বছরের মতো ■ পৃষ্ঠা ৪ : কলাম ১

## একাদশ শ্রেণিতে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

এবারও মাধ্যমিকের ফলের ভিত্তিতে একাদশ শ্রেণিতে অনলাইনে শিক্ষার্থী ভর্তি করা হচ্ছে। চলতি বছর এসএসসি ও সমমানের পরীক্ষায় ৮০ দশমিক ৩৫ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। যাদের মধ্যে শীর্ষ ফল জিপিএ-৫ পেয়েছে এক লাখ চার হাজার ৭৬১ জন। এবার মাধ্যমিকে ১৪ লাখ ৩১ হাজার ৭২২ জন পাস করলেও এদের মধ্যে এক লাখ ২৬ হাজার ৪৯৮ জন শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ভর্তির জন্য কোনো আবেদনই করেননি।

গত ৯ থেকে ২৬ মে অনলাইনে ও টেলিটক মোবাইল থেকে এসএমএসে আবেদন করে শিক্ষার্থীরা।

এ বছর একাদশ শ্রেণির ভর্তিতে ১৫৩ কলেজের মধ্যে ১০টিতে একজন শিক্ষার্থীও আবেদন করেনি। বাকি ১৪৩ প্রতিষ্ঠানে ১০ জনের কম শিক্ষার্থী আবেদন করেছে। আগামী ১ জুলাই ভর্তির পর ভুঁইফোড় এসব কলেজের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে বোর্ড কর্তৃপক্ষ।